# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 20 April, 2025

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহ উদ্দিন আহমদ বলেছেন, বৃহস্পতিবার (১৭ এপ্রিল) বৈঠকে যেসব বিষয়ে মতানৈক্য ছিল, তা নিয়ে দলীয় ফোরামে আলোচনার পর বিএনপির অবস্থান ঐকমত্য কমিশনকে জানানো হবে। স্বচ্ছতা ও আন্তরিকতার সঙ্গে বিএনপি সংস্কার কমিশনকে সহযোগিতা করছে। আজই সংস্কার নিয়ে আলোচনা শেষ করা যাবে আশা রাখি।

রবিবার (২০ এপ্রিল) জাতীয় সংসদের এলডি হলে জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে বিএনপির বৈঠকে সূচনা বক্তব্যে তিনি এসব কথা বলেন।

সালাহ উদ্দিন জানান, 'আজকের বৈঠকে সংবিধান এনসিসি, বিচার বিভাগ, নির্বাহী বিভাগ নিয়ে আলোচনা হবে।'

বিএনপি স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খানের নেতৃত্বে বৈঠকে অংশ নিয়েছেন স্থায়ী কমিটি সদস্য সালাহ উদ্দিন আহমদ, বিএনপি চেয়ারপার্সন উপদেষ্টা কাউন্সিল সদস্য ইসমাইল জবিউল্লাহ, সাবেক সংস্থাপন সচিব আবু মোহাম্মদ মনিরুজ্জামান, সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি সাবেক সাধারণ সম্পাদক ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল।

ঐকমত্য কমিশনের পক্ষে রয়েছেন- কমিশনের সহ-সভাপতি অধ্যাপক আলী রীয়াজ, অধ্যাপক বদিউল আলম মজুমদার, ড. ইফতেখারুজ্জামান প্রমুখ।

বিএনপি স্থায়ী কমিটি সুপ্রিম কোর্ট আইনজীবী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:59

URL: https://www.timestodaybd.com/bangladesh/1095775807